গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
সংস্থাপন শাখা
www.jessore.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪১০০.০০৩.০৫.০০১.২২-৫৫৭

তারিখ: ০৪ কার্তিক ১৪২৯
২০ অক্টোবর ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩/০৩/২০২২ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০১৫.১৬-২৪ নম্বর স্মারকে ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এর সাধারণ প্রশাসনের অধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও যশোর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল, ২০১৫ | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা (সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) | গ্রেড-১৪ টাকা ১০,২০০-২৪,৬৮০/- | ০৭ (সাত) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা; গ) কম্পিউটার হার্ডওয়্যার সর্ম্পকে বেসিক ধারণা (ঘ) সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে সর্বনিম্ন-বাংলায়-৪৫ এবং ইংরেজিতে-৭৫ শব্দের থাকতে হবে; ঙ) কম্পিউটার লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের থাকতে হবে। |
| ০২ | সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬ টাকা ৯৩০০-২২,৪৯০/- | ০৫ (পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; (গ) কম্পিউটার লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের থাকতে হবে। |
| ০৩ | লাইব্রেরি সহকারী | গ্রেড-১৬ টাকা ৯৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; (গ) কম্পিউটার লিখনে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের থাকতে হবে। |

## শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও যশোর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৯/১২/২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর পরিপত্রে প্রকাশিত নির্ধারিত ফরম অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সম্বলিত এক পাতার আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম www.mopa.gov.bd অথবা জেলা প্রশাসক, যশোর এর ওয়েব সাইট www.jessore.gov.bd. হতে সংগ্রহ করা যাবে।

০৩। প্রার্থীর বয়সসীমা ২৪/১১/২০২২ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/সন্তানের সন্তান এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। মহামারি কোভিড-১৯ এর কারণে ২৫/০৩/২০২০ তারিখে যাদের বয়স ৩০ (ত্রিশ) বছরের মধ্যে ছিল তারা আবেদন করতে পারবেন।

০৫। প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র,জন্ম তারিখ,জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

০৬। উল্লিখিত পদে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা মাত্র হিসাব কোড নম্বর ১-০৭৪২-০০০০-২০৩১ এ ট্রেজারী চালান মারফত জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সংগে দাখিল করতে হবে।

০৭। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা, সাঁটমুদ্রাক্ষরিক এবং কম্পিউটার টাইপ (প্রযোজ্য ক্ষেত্রে) সংক্রান্ত সকল প্রকার মূল কপি উপস্থাপন করতে হবে।

০৮। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত সুস্পষ্ট সীল থাকতে হবে।

০৯। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকার ডাকটিকিট যুক্ত ৪.৫X১০ সাইজের একটি ফেরত খাম আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপর নিজ যোগাযোগের ঠিকানাসহ পদের নাম উল্লেখ করতে হবে।

১০। পৌরসভার মেয়র বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ দাখিল করতে হবে।

১১। সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

১২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১৩। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৫। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৬। মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় সেক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

১৭। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৮। আবেদনপত্র সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ২৪/১১/২০২২ খ্রি. তারিখ বিকাল ০৩.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালে সরাসরি অথবা ডাকযোগে জেলা প্রশাসক, যশোর এঁর কার্যালয়ে পৌঁছাতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত অথবা অসম্পূর্ণ, ক্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

২০। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

২১। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

২২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

20.10

মো: তমিজুল ইসলাম খান
জেলা প্রশাসক
যশোর।